

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
এফ এম বিভাগ-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৩.৩১.০৬৯.২৩ নথির বিষয়: Repair & Maintenance of HT faults at 25 (Twenty five) nos. different pumping stations under FM Division-1

নোট: ১ নোটের বিষয়: Repair & Maintenance of HT faults at 25 (Twenty five) nos. different pumping stations under FM Division-1

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১৬/৭/২৩ ৯:০৫ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার মডস সার্কেল-১ এর আওতাধীন ৬২০ টিরও অধিক পানির পাম্পের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক রক্ষণাবেক্ষণ কাজের দায়িত্ব এফ.এম.বিভাগ-১ এর উপর ন্যস্ত রয়েছে। ঢাকা ওয়াসার পাম্প-স্টেশনের বৈদ্যুতিক সাব-স্টেশনগুলো আউটডোর টাইপের হওয়ায় ট্রান্সফরমারগুলো পাম্প কম্পাউন্ডের নিরাপদ স্থানে খোলা জায়গায় স্থাপন করা হয়। গুষ্ক এবং বর্ষা মৌসুমে সংশ্লিষ্ট এলাকায় পানির সংকট থাকায় এ সময় বৃষ্টিপাতের মধ্যেও পাম্প চালু থাকায় অনেক সময় সাব-স্টেশনে এইচটি ফল্ট হয়ে পাম্প বন্ধ হয়ে যায়। এছাড়া ওভার হেড বৈদ্যুতিক লাইনে এবং ট্রান্সফরমারের উপর বিভিন্ন জীব-জন্তু পড়ে সাব-স্টেশনে এইচটি ফল্ট হয়ে থাকে। যা অত্র বিভাগের মাধ্যমে দ্রুত মেরামত করে পাম্প চালু করা হয়। এফ.এম বিভাগ-১ এর আওতাধীন এলাকায় ৬২০ টিরও অধিক পানির পাম্পের বৈদ্যুতিক সাব-স্টেশনগুলির মধ্যে প্রতিদিনই প্রায় একাধিক পাম্প-স্টেশনে এইচটি ফল্ট হয়ে থাকে। এইচ.টি ক্যাবল ফল্ট এর ছোটখাট মেরামত কাজগুলি বিভাগীয় লোকবল দ্বারা সম্পাদন করা হয়ে থাকে। কিন্তু যে সকল ফল্টগুলি বড় ধরনের যেমনঃ মাটি কেটে ও পাকা ভেঙ্গে ক্যাবল এর ফল্ট সনাক্তকরণ, বৈদ্যুতিক পোল থেকে ক্যাবল উঠানো- নামানো, স্ট্রেইট থ্রো-জয়েন্ট প্রদান ইত্যাদি মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজগুলি সম্পাদন করতে দীর্ঘ সময়ের প্রয়োজন হয় এবং বিভাগীয় জনশক্তির সাধ্যাতিরিক্ত সে সকল কাজগুলি ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার ব্যবস্থা নিতে হয়। এইচ.টি ক্যাবল ফল্ট হওয়ার কারণে পাম্প বন্ধের অভিযোগ সমূহ তাৎক্ষণিকভাবে বিভাগীয়ভাবে বিভাগীয় টিম নিয়োজিত করার পরও অতিরিক্ত কাজগুলি ঠিকাদার নিয়োজিত করে দ্রুত সমাধা করতঃ নিরবচ্ছিন্নভাবে পানি সরবরাহ করণের জন্য পাম্প চালুর ব্যবস্থা নিতে হয়। যার কারণে পূর্ব প্রস্তুতি হিসেবে ঠিকাদার নিয়োগ করা থাকলেই অত্র বিভাগের এইচ.টি ক্যাবল ফল্ট এর জন্য অভিযোগ সমূহ সমাধা করে মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ সমূহ সমুন্নত রাখা যাবে। এতদ্বলক্ষে ২৫(পঁচিশ)টি এইচ.টি ফল্ট মেরামতের কাজ এবিসি লাইসেন্সপ্রাপ্ত ঠিকাদারের মাধ্যমে সম্পাদন করার লক্ষ্যে একটি প্রাক্কলন তৈরি করে সদয় উপস্থাপন করা হয়েছে। উপস্থাপিত প্রাক্কলনে আলোচ্য কাজের ব্যয়ভার দাড়িয়েছে মোট =৪,৯৮,৬১৫.৫২৮ (চার লক্ষ আটানব্বই হাজার ছয়শত পনের দশমিক পাঁচ দুই আট) মাত্র। বৈদ্যুতিক এইচ.টি ফল্ট পূর্ব থেকেই নিরূপন করা সম্ভব হয় না বিধায় বিভাগীয় জনশক্তির সাধ্যাতিরিক্ত এইচ.টি ফল্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজগুলো ঠিকাদারের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে এবং কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখার স্বার্থে জরুরী ভিত্তিতে বর্ষিত কাজের প্রাক্কলনের অনুমোদন প্রয়োজন। আলোচ্য কাজের ব্যয়ভার চলতি ২০২৩-২৪ ইং অর্থ বৎসরের বরাদ্দকৃত বাজেটের পানির পাম্প রক্ষণাবেক্ষণ খাত এর বিপরীতে অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং- ১৫, ডব্লিউ-১১ হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১৬/৭/২৩ ৯:১০ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে **Repair & Maintenance of HT faults at 25 (Twenty five) nos. different pumping stations under FM Division-1** কাজটি করনের লক্ষ্যে এফ.এম বিভাগ-১ এর আওতাধীন ২৫(পঁচিশ) টি বৈদ্যুতিক সাব-স্টেশনের এইচ.টি ফল্ট মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে উপস্থাপিত মোট =৪,৯৮,৬১৫.৫২৮ (চার লক্ষ আটানব্বই হাজার ছয়শত পনের দশমিক পাঁচ দুই আট) মাত্র প্রাক্কলনের কাজটি অনুমোদিত ক্রয়-পরিকল্পনামতে **LTM(e-Gp)** প্রক্রিয়ায় দরপত্র আহবানের অনুমতি প্রদানসহ উপস্থাপিত প্রাক্কলনের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। উল্লেখ্য, আলোচ্য প্রাক্কলনের অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১৬/৭/২৩ ৯:১২ অপরাহ্ন
সুজন নাথ
উপ-সহকারি প্রকৌশলী
এফ এম বিভাগ-১

১৬/৭/২৩ ৯:৩১ অপরাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১

১৬/৭/২৩ ১০:০২ অপরাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১

১৭/৭/২৩ ১২:০৫ অপরাহ্ন
মোঃ আর লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর পি ই এন্ড এম সার্কেল

১৭/৭/২৩ ১২:০৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

সংযুক্তিসমূহ (৮):

- ১। Approved APP.
- ২। Sample of HT cable fault-1.
- ৩। Sample of HT cable fault-2.
- ৪। Sample of HT cable fault-3.
- ৫। Sample of HT cable fault-4.
- ৬। Approved Note.
- ৭। Approved Rate.
- ৮। Estimate.

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ১৯/৭/২৩ ৫:৪৩ পূর্বাহ্ন

অনুমোদিত




১৯/৭/২৩ ৫:৪৩ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)


১৯/৭/২৩ ৫:৪৩ পূর্বাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৯/৭/২৩ ১১:১৪ পূর্বাহ্ন

দরপত্র আহ্বানের ব্যবস্থা নিন।



১৯/৭/২৩ ১১:১৪ পূর্বাহ্ন
শেখ আরিফ রহমান জিতু
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১



১৯/৭/২৩ ২:৫২ অপরাহ্ন
মোঃ গোলাম মোস্তফা
সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
এফ এম বিভাগ-১

১৯/৭/২৩ ২:৫২ অপরাহ্ন
সুজন নাথ
উপ-সহকারী প্রকৌশলী
এফ এম বিভাগ-১